গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি শাখা
www.motj.gov.bd

## আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সূচকসমূহ [১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত, [২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখা, [৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন শোকেসিং আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত, [৪.১.১] ই-ফাইলে (ই-নথি/ডি-নথি) নোট নিষ্পত্তিকৃত, [৫.১.১] নিজ তথ্য বাতায়ন হালনাগাদকরন, [৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হানাগাদকরণ নিশ্চিতকরণ, [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত এবং [৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত বিষয়ে বিস্তারিত সূচক ভিত্তিক আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সূচকে ফিডব্যাক প্রদান করা হয়:

[১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত

১. বস্ত্র অধিদপ্তর- মাইগভ প্লাটফর্ম এ ৭ টি সেবা বাস্তবায়নের কার্যক্রম কর্মপরিকল্পনায় উল্লিখিত তারিখের পূর্বে কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে মতামত প্রদান করেন।

২. পাট অধিদপ্তর- Smart Jute information Software টি দ্রুততম সময়ে বাস্তবায়ন করার মতামত প্রদান করা হয়। বাস্তবায়নাধীন প্রস্তুতকৃত সফটওয়্যাটির মাধ্যমে নাগরিকদের সময়, যাতায়ত ও অর্থের সাশ্রয় হয় সে বিষয়ে দৃষ্টি রাখার নির্দেশনা প্রদান করেন।

৩. বাংলাদেশ তাঁত বোর্ড- Smart Institute Management System টি কর্মপরিকল্পনায় উল্লিখিত তারিখের পূর্বে বাস্তবায়ন করার জন্য মতামত প্রদান করা হয়। বাস্তবায়নাধীন প্রস্তুতকৃত সফটওয়্যাটির মাধ্যমে নাগরিকদের সময়, যাতায়ত ও অর্থের সাশ্রয় হয় সে বিষয়ে দৃষ্টি রাখার নির্দেশনা প্রদান করেন।

৪. বিটিএমসি- Smart Parking Management Software টি কর্মপরিকল্পনায় উল্লিখিত তারিখের পূর্বে বাস্তবায়ন করার জন্য মতামত প্রদান করা হয়।

৫. বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড- E-store Management System টি দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৬. বিজেএমসি- Personel Management Information Software টি দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৭. জেডিপিসি- Smart Jute E-Commerce Software টি চিফ ইনোভেশন অফিসার ও টিমের সদস্যের উপস্থিতিতে প্রদর্শন করা হয়। নির্দিষ্ট সময়ের পূর্বে বাস্তবায়ন করায় চিফ ইনোভেশন অফিসার ধন্যবাদ জ্ঞাপন করেন।

[২.১.১] ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখা- ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখার জন্য চিফ ইনোভেশন অফিসার দপ্তর সংস্থার সকল ফোকাল পয়েন্টদের নির্দেশনা প্রদান করেন।

[৩.১.১] আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন শোকেসিং আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত- এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে বিজেএমসি ইনোভেশন শোকেসিং আয়োজন করবে। অন্যান্য দপ্তর/ সংস্থাকে ইনোভেশন শোকেসিং কর্মশালায় উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনের প্রস্তুতি গ্রহণের জন্য চিফ ইনোভেশন অফিসার নির্দেশনা প্রদান করেন।

[৪.১.১] ই-ফাইলে (ই-নথি/ডি-নথি) নোট নিষ্পত্তিকৃত- ই-ফাইলে (ই-নথি/ডি-নথি) নোট নিষ্পত্তিকৃতর হার ৮০ % এর উপরে রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।

[৫.১.১] নিজ তথ্য বাতায়ন হালনাগাদকরন- তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ অব্যাহত রাখতে হবে এবং ইনোভেশন টিমের মাসিক সভায় নিয়মিত পর্যালোচনা করতে হবে।

[৫.১.২] আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হানাগাদকরণ নিশ্চিতকরণ- তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ অব্যাহত রাখতে হবে এবং ইনোভেশন টিমের মাসিক সভায় নিয়মিত পর্যালোচনা করতে হবে।

[৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত- কর্মশালা আয়োজনের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করতে হবে যাতে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়।

[৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নকৃত- প্রণয়নকৃত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/সংস্থা ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন নিম্নরূপ:

| ক্রমিক | দপ্তর/সংস্থা | অর্ধবার্ষিক অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জেডিপিসি | ২৮ | |
| ২ | বস্ত্র অধিদপ্তর | ১৭.৫ | |
| ৩ | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | ১৭ | |
| ৪ | বাংলাদেশ পাটকল কর্পোরেশন | ১৭ | |
| ৫ | পাট অধিদপ্তর | ১৬ | |
| ৬ | বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন | ১৫.৫ | |
| ৭ | বাংলাদেশ তাঁত বোর্ড | ১৪.৫ | |

মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ যথাসময়ে প্রেরণ করবেন।

২৮/০৩/২০২৪
মো: আমিনুল ইসলাম
প্রোগ্রামার
ও
সদস্য সচিব ইনোভেশন টিম
মোঃ আমিনুল ইসলাম
প্রোগ্রামার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৮/০৩/২০২৪
এ. টি. এম. আলিমুজ্জামান
সিস্টেম এনালিষ্ট
ও
সদস্য ইনোভেশন টিম
(এ.টি.এম. আলিমুজ্জামান)
সিস্টেম এনালিষ্ট
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৮/০৩/২০২৪
মো: তরিকুল আলম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
মোঃ তরিকুল আলম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার